"About nine o'clock yesterday morning one of the vans of the Parcels Delivery Company was taken to the door of Mr. William Larkin, of Northampton-square, Clerkenwell, a chronometer maker and watch dial engraver. A box addressed to him was delivered to the servant. The latter, having given a receipt, handed it to Miss Larkin, who shook it in order to ascertain what it contained. Hearing nothing rattle, she conveyed it into the workshop, and handed it to her father. Mr. Larkin is in the habit of receiving boxes containing dials for engraving, and at once proceeded to open the box by prizing up she lid with a chisel. A slight click inside was followed by a terrific explosion blowing out the windows, wrecking the shop and its contents, and hurling Mr. Larkin against the wall. The box was blown into atoms, small pieces only of the wood and the infernal mechanism being found. The volume of flame which accompained the explosion set fire to the clothing of Mr. Larkin, who was fearfully burnt over the arms, hands, and face. The flames having been extinguished he was put to bed, and placed under the care of a doctor. The servant who took in the box gave it as her opinion that it was about eight inches long, by five broad, something like an ordinary cigar box. An Inspector of police went into the workshop, and mado a minute examination of the premises. The box was found to have been of deal, with an inner lining of tin, portions of which were found all over the room. Some of the pieces of tin had been driven into the walls. The smell of the various pieces of wood led to the belief that the agent employed was gunpowder. The police also picked up pieces of spiral springs and nippies indicating that there had been an arrangement by which the mere opening of the box should caused an explosion. Up to the present time the police have no information as to the perpetrator of the outrage."

We read in the *Athenæum* that the Emperor of Russia has promoted Dr. O. von Bohtlingk, the Chief Editor of the great Sanskrit Thesaurus, published under the auspices of the Imperial Academy at St. Petersburg, to the greade of Privy Councillor, and conferred on Dr. R. von Roth, its joint Editor, the Order of Stanislas of the first class. The principal contributors to the dictionary—Profs. Kern, of Leyden, Stenzler, of Brelau, and Weber, of Berlin—have been decorated with the second class of the same Order.

Here is a cure for those worst of small nuisances, colds in the head, which Dr. Ferrier has discovered and published in the *Lancet*. It is a snuff, a white powder,—composed of the following ingredients :—Hydrochlorate of morphia, two grains; acacia-powder two drachms; trisnitrate of bismuth, six drachms,—the whole making up a quantity of powder of which from one quarter to one-half may be safely taken, if necessary, in the course of twenty-four hours. Dr. Ferrier says that with this snuff he has twice cured himself of very violent colds, once indeed, by taking trisnitrate of bismuth alone, which is a very powerful remedy for catarrh of the mucous membrane, and is the most important ingredient in this snuff. Dr. Ferrier mentions two other persons who were cured of violent colds by the same snuff.

The *Madras Standard* publishes an extraardin ary case of Bigamy :—

"A charge of bigamy is now pending before the Criminal Court at Agra, the particulars of which would afford a capital subject for a drama. The case is a startling one. For obvious reasons the name of the hero and those of the other characters in the scene are for the present omitted. A. Mr. P., a contractor by profession, was married some time ago to a young widow, Mrs. D., and lived in this city for some time. About a year ago he deserted his wife, and went to several stations up-country, and managed to get introductions to several respectable but poor families there. He applied for a young lady in one of the stations, repersenting himself as a widower. The young lady however was not so soft to yield, and required some tangible or satisfactory proof from the gay Lothario that he was single before she could give her consent. He assured ker that his wife was dead and went into mourning. "That won't do," said the young lady. "I am not going to marry a man who could so soon forget his late wife." Seeing that the game was up, as the young lady soon after engaged herself to a young man, he tried to get the match broken off by writing to the latter letters in which he cast asperasions against her character. The young couple, however despite of him were married. He next applied for Miss G., whose father was employed in the E. I. Railway Company. He informed Mr. G. that his wife died in 1874 in Calcutta of chronic dysentery, and that he was not afraid to give him a letter to that effect. Mr. G. had an eye to business. While telling the hero that he had no reason to doubt his statement that he was unencumbered, he came down to Calcutta and satisfied himself that Mrs. P. was living. Without either telling his daughter or Mr. P. of his discovery, he dissuaded the former from receiving his visits. Unfortunately for the old gentleman, Mr. P. had succeeded in winning the affections of Miss. G., and arrangements were made for a clandestine marriage. P. came down to Calcutta to make purchases for the wedding, and strange to say he had an interview with his wife, whom he had not seen for twelve months, and got her to make the purchases for him, represnting to her that they were for a party the G's were invited to. On his return home with his wife, he got her by intimidation to give him a writing to the effect that she had been his house-keeper, and made her former husband's name D. Armed with this document he went back to Agra; but before leaving he had actually revealed to his wife that the purchases she had made for him were intended for his second marriage. Soon after he left Calcutta, Mrs. P. telegraphed to Mr. G. that she was the wife of Mr. P., and warning him not to give his daughter in marriage. The telegram seemed not to have reached Mr. G., whose daughter left his house against his expressed injunctions and married P. Mr. G., after receiving from Calcutta *pucca* evidence that P. was a married man, charged him with bigamy, &c., under sections 415, 499, and 446 of the Indian Penal Code. P was arrested and taken to the Magistrate; and, as he could not find bail, he was put into prison. From jail P. wrote to Mrs. P. in Calcutta :—"My dearest,—For God's sake disown me. Say that I am not your husband, but some other person. Don't identify me at all. You promised not to injure me (this was soon after he left her). If you go against me I will surely get 14 years. Do for God's sake save me, and I will promise to behave myself a husband ought in future."

At the present juneture, some account of Khelat, and of its past history and present relations with the British Government in Indio, may not prove uninteresting to our readers. The following we take from the *Englishman* :—

The country extends over about 10,000 square miles—that is, including the outlying provinces, which are only nominally subject to the Khan—and lies between the boundaries of Afghanistan to the north, and the confines of Persia to the west, its southern frontier being the province of Las Beyla, which owns a semi-independent ruler, though subject to the supremacy of the Khan of Khelat. * * *

The earliest political connection between England and Khelat began in 1808, when, in Mehrab Khan's time, the ill-fated expedition across the Indus, under Sir Willoughby Cotton, took place against Dost Muhammad, and an army of 50,000 men was marched, through the defiles and deserts of Beluchistan, towards Kabul and Kandahar. Though Mehrab Khan did all in his power to assist the passage of the British troops, and to supply them with food, yet, from the unproductiveness of the land and the partial failure of the harvests, he was unable to provide adequate supplies for the large numbers of men, besides horses and cattle, whose march through the desert part of his territories extended over some days. Numbers, it is believed, perished; but the suffering and misery would have been even greater had it not been for Mehrab Khan's exertions. His treacherous minister, Mullah Hossain, out of revenge for the death of his father, caused it to be believed by the English General that Mehrab Khan, his master, had cut off supplies from the English army, and had incited the marauding tribes of the desert to intercept and annoy the English troops. The minister's scheme to ruin his master succeeded. The English General, believing in the story of Mehrab Khan's want of good faith, resolved to punish him; and, in the following year, on his return from Kabul, stormed and took Khelat. In the encounter, Mehrab Khan lost his life, and the treachery of the minister was only discovered when the contents of some papers found in the citadel were brought to light. To atone for this injustice to Mehrab Khan, the English Government subsequently placed his son, Nassir Khan on the throne, and restored to him the districts that had been annexed to Kabul. In 1859, it was considered advisable to strengthen British influence on the frontier, and a fresh treaty was drawn up with the Khan, which made it obligatory on him to receive British troops into his territories, if necessary, and to act in strict conformity with the wishes of the British Government. In order to enforce the terms, also, of the treaty which bound over the Khan to protect trade and commerce and the safety of British subjects within his dominions, an annual subsidy was promised the Khan as long as the conditions of the treaty were upheld. After Nassir Khan's death, in 1857, several claimants appeared to assert their right to the throne. The whole country was disturbed by factious strife and conflict till, in 1864, Khodadad Khan succeeded in gaining the power which had been disputed how for more than seven years. Since that time, he has engaged in incessant conflicts with his Chiefs and subjects, many of whom have broken out into open rebellion against him. The conditions of the treaty of 1854 with the British Government not having been adhered to, the payment of the subsidy was, in 1873, again withheld, and the Political Agent at Khelat directed to withdraw, though the appointment had only been reviver since 1871. An attempt was subsequently made to enter into separate agreement, independent of the Khan, with the wild frontier tribes, Marris, &c., on the borders of Sind, to ensure British subjects from molestation or attack; but this measure did not succeed. and the caravans were still pillaged and insulted on their way through the Bolan Pass. What Major Sandeman's precise instructions are, has not been as yet made known. But we learu that, under his escort, caravans to and from Kandahar have been conveyed with safety; and, in spite of sickness, the expedition, on the whole, has been successful. Whether the English Government intends once more to revive its influence at Khelat, and to establish a political agency at the Khan's Capital, has not yet transpired; but the expedition, accompanied by even a small force, may prove to the rulers and chiefs of Beluchistan that England still resents aggressions on her frontier, and is as ready as formerly to accord protection to any of her subjects, and that, as far as possible, she is anxious to promote communication and commerce between India and the countries beyond the Indus, on mutual terms of friendly reciprocity. It may also prove that her external policy is no longer one of isolation and indifference, but of watchful determination, and resolution to maintain intact the obligations imposed on her by the events of past times, and her dignity as a great Empire.

☞ *Printed and published by C. N. Roy No. 2, Ananda Chatterjee's Lane, Bagbazar, Calcutta.*

পক্ষপাতী হইয়া পড়ি। এরূপ অবস্থায় দুর্ব্বল হিন্দু সমাজ ইংরাজ সমাজের প্রভাবে অন্যবিধ প্রকৃতি প্রাপ্ত হইতে পারে। বস্তুত দিন২ ইংরাজদিগের আচার ব্যবহার শনৈঃ শনৈঃ আমাদের হিন্দু সমাজে প্রবেশ করিতেছে, এমন কি, কতক গুলি দেশ হিতৈষী ব্যক্তিদিগের বিশ্বাস যে, এ দেশে ইংরাজদিগের রীতি নীতি প্রচলিত হইলে দেশের অশেষ উপকার হইবে। যে সমাজের হিন্দু জাতির উপর এরূপ আধিপত্য তাহার দোষ গুণ প্রকাশ করা কর্ত্তব্য এবং আমরা কেবল সেই উদ্দেশ্য সম্পন্ন করিবার নিমিত্ত এই ঘৃণাস্কর সম্বাদটি উদ্ধৃত করিলাম। যাহারা ইংরাজ সামাজিক রীতি নীতি এ দেশে প্রচলিত করিবার বাসনা করেন, তাহারা যদি তাহাদের সংকল্প সিদ্ধি করিতে পারেন তাহা হইলে হয় ত দেশের বিস্তর মঙ্গল হইবে সন্দেহ নাই। কিন্তু সেই সঙ্গে২ দেশের বিস্তর অমঙ্গল হইতে পারে। আমাদের বিবেচনায়, যে সমাজে এরূপ স্ত্রী এবং কন্যার উৎপত্তি হয় যে, তাহারা স্বামী কি পিতাকে দ্বীপান্তরিত করিবার নিমিত্ত যত্ন করে, অথচ তাহাদের কার্য্যে কেহ কোন অন্যায় দর্শন করে না, সে সমাজের যত গুণই থাকুক, তাহা ঈশ্বর সৃষ্ট মানব জাতির সমাজ নহে। যে সমাজে এই ভয়ঙ্কর দোষ আছে, তথায় কোটি২ গুণ থাকিলেও যে সকল মনুষ্যের হৃদয়ে দয়া ধর্ম্ম স্নেহ আছে তাহারা অবস্থিতি করিতে পারেন না।

গত মঙ্গলবারে তারে সম্বাদ আসে যে, ইংলণ্ড ভূমধ্য সাগরে দশ খানি রণতরী প্রেরণ করিয়াছেন, আবার গত কল্য সম্বাদ আসিয়াছে যে, ইউরোপীয় তুর্কির সুলতান রাজ্যচ্যুত হইয়াছেন। তাঁহার ভ্রাতুষ্পুত্র মুরাদইকেন্দি সিংহাসনে অভিষিক্ত হইয়াছেন। আবার ইংলণ্ড সহসা যুদ্ধে ব্যাপৃত হইলে অবিলম্বে যুদ্ধের আয়োজন করিতে পারেন কি না, আগামী জুলাই মাসে ইংলণ্ডের সমর বিভাগ ইহার পরীক্ষা করিবেন। যুদ্ধে প্রবর্ত্ত হইলে যে সমুদয় আয়োজনের প্রয়োজন সেই সময় সে সমুদয় আয়োজন হইবে। এই রূপ নানা কারণে আমাদের ভয় হইতেছে, বুঝি এত দিন পরে ইউরোপে রণ ডঙ্কা বাজিয়া উঠিল। তবে ফ্রান্স এখনও সসজ্জ হইতে পারেন নাই, রুশিয়ার বোধ হয় এত শীঘ্র যুদ্ধে প্রবর্ত্ত হওয়ার ইচ্ছা নাই, আবার ইংলণ্ডের যুদ্ধ করিতে নিতান্ত অনিচ্ছা, এই সমুদয় কারণে যদি উহা নিবারিত হয়।

ভারতবর্ষের উত্তর পশ্চিম প্রান্তের লোকেরা কি জীবনই যাপন করে! ইহারা অহর্নিশি কেবল কাটা কাটি মারামারি করে। এক দিন কাল কাহার স্বস্তি নাই, এক দিন কাল কাহার বিশ্রাম নাই। ডিরাইস্মালখাঁ হইতে এক জন পত্র লিখিয়াছেন যে, সামারখন্দ ও বডকর্নার [illegible] টাকাটি মারা মারি হইতেছে। [illegible] হারও গমনাগমন করিবার সাধ্য [illegible] র হাকিম এই বিবাদের নিমিত্ত কাবুলের আমিরের নিকট সাহায্য চাহিয়া পাঠাইয়াছেন। তিনি প্রস্তাব করিয়াছেন যে যদি আমির তাহার বিপক্ষদিগকে যুদ্ধে পরাজয় করিয়া তাহাদের রাজ্য গ্রহণ করিতে পারেন তাহা হইলে তিনি বিস্তর স্বর্ণ ও হীরক খনি পাইবেন। এই প্রান্তরবাসীদের যুদ্ধ কতকটা হংশের যুদ্ধের ন্যায়। কে যে কাহার আত্মীয় তাহা কাহারও জ্ঞাত হইবার যো নাই। যে যাহাকে সুবিধা পায় সেই তাহার সঙ্গে শত্রুতা করে। ব্রিটিশ অধিকৃত ভারতবর্ষের রক্ষার ভার অনেকটা আবার এই অস্থির অশান্ত জাতির উপর নির্ভর করে। ইহাদের যদি কোন বিষয়ে কোন রূপ দৃঢ় সঙ্কল্প থাকিত তাহা হইলে ইংরেজ গবর্ণমেণ্ট রুশিয়ার আক্রমণ লইয়া এত ব্যাকুল হইতেন না।

---

১ লা জুলাইয়ে কলিকাতায় নূতন মিউনিশিপ্যাল আইন জারি হইবে। জারি হইবার পর দুই কি তিন মাসে কলিকাতার মিউনিশিপ্যাল কমিশনারগণ নির্ব্বাচিত হইবেন। যাহারা ২৫ টাকার অধিক ট্যাক্স দেন, তাহারা নির্ব্বাচন করার ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন, এবং ৫০ টাকার অধিক ট্যাক্স যাহারা প্রদান করেন তাহারা কমিশনার হইতে পারিবেন। নির্ব্বাচনকারীদিগের এখন হইতে হগ সাহেবের নিকট আবেদন করা কর্ত্তব্য। কমিসনার পদাকাঙ্খীগণেরও অবিলম্বে আবেদন করা উচিত।

যুবরাজ যখন ভারতবর্ষ দর্শন করিতে আইসেন তখন তাঁহার ব্যয় সংকুলানের নিমিত্ত লক্ষ টাকা পার্লিয়ামেণ্ট মঞ্জুর করেন কিন্তু তাহার এত টাকা ব্যয় হয় নাই।

বোম্বাইয়ের মিউনিসিপাল কমিসনার পেডার সাহেবের নামে এক জন সম্ভ্রান্ত মহারাষ্ট্রীয় মাজিষ্ট্রেটের নিকট নালিশ করিয়াছেন। অভিযোক্তার নাম সামরাও পাণ্ডুরাং। পেডার সাহেব এক জন সম্ভ্রান্ত লোক এবং পাণ্ডুরাংও সম্ভ্রান্ত ব্যক্তি, সুতরাং এই মকর্দ্দমা উপস্থিত হওয়ায় বোম্বাইয়ে কিছু গোল উপস্থিত হইয়াছে।

বিজ্ঞাপন।

এত দ্বারায় সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে ১২৭৯ সালের শারদা সুন্দরী দাসী জওজে রত্নমণী কুণ্ড নামে মুদ্রাঙ্কিত শিল মোহর ১২৮৩ সালের ৩০ বৈশাখ হারাইয়া গিয়াছে। ঐ দিবস হইতে ঐ মোহরাঙ্কিতি স্বাক্ষর আমাদের অগ্রাহ্য আমরা এক্ষণে ১২৮৩ সালের খোদিত মোহর ব্যবহার করিতেছি।

শ্রী গোপীনাথ কুণ্ড

সংবাদ

—ম্যাকগ্রাথ নামক যে গোরা সৈন্য অকারণে তিন জন সিপাহীকে সাজেহানপুরে গুলি করিয়া খুন করে এবং এলাহাবাদ হাইকোর্টে যাহার বিচার আরম্ভ হয়, জুরিরা তাহাকে খালাস দিয়াছেন। জুরিরা বলেন যে, এ ব্যক্তি অতিরিক্ত সুরাপান করিয়া উন্মত্ত অবস্থায় খুন করে, সুতরাং হত্যার নিমিত্ত তাহাকে দায়ী করা যায় না। সাক্ষী দ্বারা প্রমাণীকৃত হয় যে, যদিও হত্যাকারী ঐ সময় মদ খাইয়া ছিল, কিন্তু সে এত দূর উন্মত্ত হয় ন যে তাহার সজ্ঞা থাকে না। এ রূপ সাক্ষ্য সত্বেও জুরিরা তাহাকে নির্দ্দোষী বলিয়া ছাড়িয়া দিয়াছেন। ইংরেজেরা এ দেশের অশেষ মঙ্গল করিয়াছেন সন্দেহ নাই, কিন্তু এই রূপ এক একটী অবিচারে তাহাদের শত২ সৎকার্য্য ধৌত হইয়া যায়।

—এক খানি মহারাষ্ট্রীয় সংবাদ পত্রে প্রকাশিত হইয়াছে যে, গোয়ালিয়ারে যে নানা সাহেব ধৃত হয় তাহার বিষয় অনুসন্ধানার্থে একটি কমিসন বসিবে। কমিসনের সভ্যগণ অনুসন্ধান করিয়া দেখিবেন যে, এ ব্যক্তি কেন আপনাকে নানা বলিয়া পরিচয় দেয় এবং কেন তাহাকে ধৃত করা হয় ও কেনই বা সে অবশেষে খালাস পায়। এত দিন পরে গবর্ণমেণ্টের এ খেয়াল উদয় হইল কেন?

—ব্রিটীশ গবর্ণমেণ্ট রুসিয়াদিগের ভারতবর্ষ আক্রমণ সম্বন্ধে যতই উদাসীন ভাব দেখান, মনে২ যে তাহাদের কতকটা ভয় হইয়াছে তাহার কোন সন্দেহ নাই। শুনা যাইতেছে কাপ্তেন বার্টনকে কাবুলের এজেণ্ট নিযুক্ত করিয়া প্রেরণ করা হইতেছে। ইনি বৎসর ২০০০০ হাজার টাকা বেতন পাইবেন। রুসিয়ান এবং আফগানদিগের কার্য্য পরিদর্শন করা ইহার কার্য্য থাকিবে। ওয়ারলড নামক পত্রিকায় এই সংবাদটি প্রকাশিত হইয়াছে। ইহা কত দূর সত্য আমরা জানি না।

—এ দেশে চা কিরূপে প্রস্তুত হয় ইহা শিক্ষা করিবার নিমিত্ত জাপানের রাজা দার্জিলিঙ্গে কতকগুলি লোক পাঠাইয়াছেন। ইহারা এই বিষয় শিক্ষা করিয়া জাপান দেশে চার আবাদ করিবে। আমরা যেরূপ গতিক দেখিতেছি তাহাতে জাপান ও চিন রাজ্য আশিয়ার মধ্যে সর্ব্ব প্রধান হইয়া উঠিবে।

—এই রূপ রাষ্ট্র যে বারানসীর মহারাজার মৃত্যু হইয়াছে। তিনি অসুস্থ হইয়া জল বায়ু পরিবর্ত্তনের নিমিত্ত দিল্লি গমন করিয়া ছিলেন এবং ১৪ই মে তারিখে সেই খানে তাঁহার মৃত্যু হইয়াছে। তাহার পর দিল্লি হইতে তাহার মৃতদেহ বারানসীতে আনিয়া তথায় উহার অন্ত্যেষ্টি ক্রিয়া হয়।

—এক জন ফারাশি ডাক্তার বাতের এক অত্যুৎকৃষ্ট ঔষধ আবিষ্কার করিয়াছেন। তিনি পরীক্ষা দ্বারা দেখিয়াছেন যে, শরীরের যে স্থানে বাতের বেদনা উপস্থিত হয় সেখানে যদি কোন গতিকে মধু মক্ষিকা দংশন করে তাহা হইলে উহা অবিলম্বে আরোগ্য হয়। এটি যদি সত্য হয় তাহা হইলে বোধ হয় মধু মক্ষিকার শরীরের মধ্যে যে বিষ আছে উহা বাত রোগের ঔষধ। হোমিওপ্যাথি চিকিৎসকেরা কেন এই বিষয়টী পরীক্ষা করেন না?

—গত বৎসর ৮৬৯৬৬৬ বিঘা ভূমিতে আফিঙ্গের আবাদ হয়। বেহারে প্রতি বিঘায় ৪ শের ১০ দশ ছটাক এবং বারানসীতে প্রতি বিঘায় ৪ শের পাঁচ ছটাক আফিং উৎপন্ন হয়। সর্ব্ব সমেত ৯৮১৭৮ মন আফিং গত বৎসর উৎপন্ন হয়। বেহার ও বারানসীতে ভূমির অহিফেন উৎপাদন করিবার শক্তি কিছু মাত্র লাঘব হয় নাই। ছোট নাগপুরে এই শক্তি ক্রমে হ্রাস হইতেছে। ৫ বৎসর পূর্ব্বে সেখানে প্রতি বিঘায় ৫ শের ২ ছটাক আফিং উৎপন্ন হইত। গত বৎসর প্রতি বিঘায় দুই শের দুই ছটাক আফিং উৎপন্ন হইয়াছিল। গবর্ণমেণ্ট অন্যান্য দেশীয় আফিঙ্গের আবাদ এখানে প্রচার করিবার নিমিত্ত যত্ন করেন এবং এই উদ্দেশে পারস্য ও মালয়া পোস্তার বীজ বপন করেন কিন্তু উহা অঙ্কুরিত হয় না। এমন কি বেহারের বীজে বারানসীতে কি বারানসীর বীজে বেহারে ভাল আফিং উৎপন্ন হয় নাই।

—ইতি মধ্যে পঞ্জাব ষ্টেট রেলওয়েতে একটি দুর্ঘটনা উপস্থিত হয়। শকট যূথ দ্রুতবেগে গমন করিতেছে ইতি মধ্যে এক খানি তৃতীয় শ্রেণীর শকটে আগুন ধরিয়া যায়। আরোহীরা মনে মনে ভাবেন যে, অগ্নি প্রবল হইবার পূর্ব্বে তাহারা কোন ষ্টেশনে উপস্থিত হইতে পারিবেন, কিন্তু অগ্নি ক্রমে প্রবল হইয়া উঠে। আরোহীরা প্রাণ রক্ষার নিমিত্ত অস্থির হয়। গার্ড দৈবাৎ দেখিতে পায় যে গাড়িতে আগুন লাগিয়াছে, কিন্তু সে কোন মতে ড্রাইবরকে এই বিপদ জানাইতে পারে না। তখন সকলে শকট হইতে লম্ফ দ্বারা বহির্ভাগে পতিত হওয়ার সংকল্প করে। ক্রমে২ তাহারা সকলেই শকট হইতে লম্ফ প্রদান করে। লম্ফ প্রদান দ্বারা কয়েক জন আরোহী অতিশয় আঘাত প্রাপ্ত হইয়াছে। দুটী স্ত্রীলোকের পায়ের অস্থি চূর্ণ হইয়া গিয়াছে। ভগ্ন পদ ডাক্তারেরা ছেদন করাতে এখন পর্য্যন্ত তাহারা জীবিত আছে।

—মালাবরে নীচ জাতীয় কোন ব্যক্তি দেব মন্দিরে প্রবেশ করাতে দেবালয় অপবিত্র হয়। দেবালয় পুনঃ পবিত্র করিবার নিমিত্ত অধ্যক্ষের ৬৯ টাকা ব্যয় হয়। তিনি ইহার নিমিত্ত নীচ জাতীয় ব্যক্তির নামে অভিযোগ করেন। বিচারপতি আবেদন অগ্রাহ্য করিয়া সুবিচার করিয়াছেন কি না তাহা আমরা জানি না, কিন্তু যে নিয়মে বিচারপতিরা অন্যান্য ক্ষতি পূরণের মকর্দ্দমা ডিক্রি দিয়া থাকেন সে নিয়মে সুবিচার হয় নাই।

—ইংরাজেরা আমাদের অপেক্ষা প্রায় সকল বিষয়ে শ্রেষ্ঠ, তবে অর্থ উপার্জ্জন করিবার উপায় ইহারা যেরূপ বাহির করিতে পারেন, আমরা সপ্ত জন্ম মাথা কুটিলেও তাহা বাহির করিতে পারি না। যে সময় যুবরাজ ভারতবর্ষে আগমন করেন, তখন ইংলণ্ডের কোন বণিক সম্প্রদায় একটি বিজ্ঞাপন প্রকাশ করেন যে, এই উপলক্ষে যিনি সর্ব্বোৎকৃষ্ট কাব্য রচনা করিতে পারিবেন তাহারা তাহাদিগকে ২১ শত টাকা পারিতোষিক প্রদান করিবেন। তাহারা এই বিজ্ঞাপনটি প্রদান করিয়া আপনাদের নাম জগত বিখ্যাত করিলেন, রাজ ভক্তি দেখাইলেন, বিদ্যা চর্চ্চার উৎসাহ প্রদান করিলেন, কতক গুলি নূতন কবিতার স্থষ্টি করিলেন এবং এই সামান্য অর্থ দ্বারা তাহারা সতঃ পরত নানা উপকার করিলেন। আবার এই দুইহাজার টাকা ব্যয়করিয়া তাহারা অন্ততঃ ২০ হাজার টাকা উপার্জ্জন করিবেন। যে সমুদয় কাব্য সর্ব্বোৎকৃষ্ট হওয়াতে তাহাদের পুরস্কারের যোগ্য হইয়াছে সে সমুদয় কাব্য একত্রিত করিয়া তাহারা পুস্তকাকারে প্রকাশ করিয়া বিক্রয় করিতেছেন এবং ইহা যে বিস্তর বিক্রয় হইবে তাহার কোন সন্দেহ নাই।

—অনেক সময় অনেকে সহসা অচৈতন্য হইয়া পড়ে। রৌদ্রের উত্তাপে অনেকে এই রূপ অচৈতন্য হইয়া পড়িয়া থাকে, অনেক ক্ষণ দ্রুত বেগে অশ্বোপরি গমন করিয়াও এই অবস্থায় পতিত হইতে হয়। উপযুক্ত চিকিৎসার অভাবে অনেকে এই রূপ অচৈতন্য হইয়া পঞ্চত্ব প্রাপ্ত হইয়া থাকে। এরূপ অবস্থায় ডাক্তারেরা ব্রাণ্ডি কি অন্য কোন উত্তেজক ঔষধ প্রয়োগ করিয়া থাকেন কিন্তু ইহা দ্বারা অনেক সময় অনেকের চৈতন্য হয় না, অথবা সহসা মৃত্যু হইতে পরিত্রাণ পায় না। ইংলণ্ডের এক খানি চিকিৎসা সম্বন্ধীয় সম্বাদ পত্রের সম্পাদক লিখিয়াছেন যে, এরূপ অচৈতন্য অবস্থায় ব্রাণ্ডি দেওয়া যুক্তিসঙ্গত, নহে। যদি কেহ সহসা অচৈতন্য হইয়া পড়ে তাহা হইলে চিকিৎসকেরা তাহাকে স্থির ভাবে এক স্থানে রাখিবেন। দেখিবেন যেন কোন গতিকে সে নড়াচড়া না করে। তৎপরে যত ক্ষণ নাড়ি অতিশয় প্রবল গতিতে প্রবাহিত হইবে, তত ক্ষণ কোন রূপ উত্তেজক ঔষধ প্রয়োগ করিবে না। নাড়ির এই রূপ প্রবল অবস্থা হইতে যখন ক্রমে মৃদু গতি হয় এবং বোধ হয় যে নাড়ি বসিয়া যাইতেছে, তখন উত্তেজক ঔষধ দেওয়া কর্ত্তব্য। চিকিৎসকেরা যদি এই প্রণালী অবলম্বন করিয়া সহসা মূর্চ্ছাগ্রস্তদিগকে চিকিৎসা করেন তাহা হইলে অনেকে সম্ভবতঃ আরোগ্য হইবে।

—আমরা শুনিলাম যুবরাজ এদেশ হইতে দুই জন ভারতবর্ষবাসীকে সঙ্গে করিয়া স্বদেশ প্রত্যাবর্ত্তন করিয়াছেন। ইহারা সুশিক্ষিত কি সম্ভ্রান্ত লোক নহে, ইহাদের অবস্থা অতিশয় সামান্য। যুবরাজ ইহাদিগকে যে কি নিমিত্ত সঙ্গে লইয়া গিয়াছেন তাহা এখনও প্রকাশ হয় নাই। ইংরাজেরা এ দেশীয়দিগকে অসভ্য মনে করেন। হয় ত অন্যান্য পর্য্যটকেরা আফ্রেরিকা কি আমেরিকা হইতে যেরূপ অসভ্য জাতির লোক স্বদেশে আনিয়া ইংরাজদিগের কৌতুক তৃপ্তি করেন, ইনিও সেই উদ্দেশে তাহাদিগকে ইংলণ্ডে লইয়া গিয়াছেন। এক খানি ইংরাজি সম্বাদ পত্রের সম্পাদক লিখিয়াছেন যুবরাজের দুই জন ভারতবর্ষবাসীকে সঙ্গে লইয়া যাওয়ার অন্য উদ্দেশ্য থাকিতে পারে। বিক্‌টরিয়া পূর্ব্বে ইংলণ্ডের কুইন ছিলেন, তাঁহার সঙ্গে কেবল ইংরাজ বডি গার্ড ছিল, এখন তিনি ভারতবর্ষের এম্প্রেস হইলেন, এখন ইহার সঙ্গে ভারতবর্ষবাসী বডিগার্ড থাকা উচিত এবং যুবরাজ এই নিমিত্ত সম্ভবতঃ ভারতবর্ষ হইতে দুই ব্যক্তিকে সঙ্গে লইয়া গিয়াছেন। এই সম্পাদকের বিশ্বাস যে, মহারাণী যদি ভারতবর্ষবাসীদিগকে প্রকৃত বডিগার্ড রাখেন তাহা হইলে ভারতবাসীরা এখন অপেক্ষা আরো অধিক রাজভক্ত হইবে। তিনি উদাহরণ স্থলে বলিয়াছেন যে, যখন এদেশে সিপাহী যুদ্ধ হয় তখন লর্ড ক্যানিঙ্গের আত্মীয় স্বজন তাঁহাকে পরামর্শ দেন যে, তাঁহার সঙ্গে যে সমুদয় সিপাহী প্রহরী থাকে তিনি তাহাদিগকে নিরস্ত্র করুন, কিন্তু লর্ড ক্যানিং তাহা শুনেন না। তিনি নির্ভয়ে ইহাদের হস্তে অনেক সময় আপনার জীবন সমর্পণ করেন এবং এই নিমিত্ত সিপাহী যুদ্ধের সময় তাহার কোন বিঘ্ন হয় না। আমাদের দৃঢ় বিশ্বাস যে, ইংরাজেরা যদি এদেশীয়দিগকে সরল ভাবে বিশ্বাস করিতেন তাহা হইলে দেখিতেন যে, পৃথিবীর কোন জাতি ভারতবর্ষবাসী অপেক্ষা রাজ ভক্ত নহে।

—এদেশেয় সম্পাদকদিগের কম বিপদ নাই। এদেশে যেরূপ আইন কঠোর তাহাতে লিখিতে একটু ত্রুটি হইলে যাবজ্জীবন দ্বীপান্তরিত হইবার বিচিত্র নাই। আবার লাইবেল আইন যেরূপ তাহাতেও ইহাদের পদে২ বিপদের সম্ভাবনা, কিন্তু আমেরিকার সম্পাদকদিগের অবস্থার সঙ্গে এ দেশীয় সম্পাদকদিগের অবস্থা তুলনা করিলে আমরা মহা সুখে আছি। সেখানে আইন কানন তত কঠোর না থাকিতে পারে, কিন্তু সম্পাদক কোন ত্রুটি করিলে ক্ষতিগ্রস্ত লোকের রাজ বিচারালয় পর্য্যন্ত গমন করার দেরি সহ্য হয় না। কিছু দিন হইল আমরা একবার লিখি যে এক খানি সম্বাদ পত্রে কাহার বিরুদ্ধে কি প্রকাশিত হয়। এই নিমিত্ত যে ব্যক্তির বিরুদ্ধে লেখা হয় সে সম্পাদককে হত্যা করিবার নিমিত্ত তাহার বাটি উপস্থিত হয়। আবার যদি কোন ব্যক্তির বিরুদ্ধে কেহ কোন সম্পাদকের নিকট পত্র প্রেরণ করে, এবং সম্পাদক উহা প্রকাশ না করেন তাহা হইলেও ভারি বিপদ। তাহা হইলে পত্র প্রেরক সম্পাদককে হত্যা করিবার নিমিত্ত উপস্থিত হয়। সম্প্রতি হেরালড নামক আমেরিকার এক খানি সম্বাদ পত্রের সম্পাদকের সঙ্গে এক জন ভদ্র লোক সাক্ষাৎ করিবার নিমিত্ত উপস্থিত হন। অভ্যাগত ভদ্র লোক পূর্ব্বে সম্পাদকের নিকট আপনার নাম পাঠান। সম্পাদক তাহাকে সমাদরে গ্রহণ করেন, কিন্তু ভদ্র লোক সম্পাদকের নিকট উপস্থিত হইয়া তাহার মস্তকে কতক গুলি ময়লা নিঃক্ষেপ করিয়া চলিয়া যান।

—আমরা কিছু দিন হইল প্রকাশ করি যে, মধ্য ভারতবর্ষের এক জন মুসলমান কণ্ট্রাক্টর ১৬জন ব্যক্তিকে হত্যা করে। ইহার সবিশেষ বিবরণ প্রকাশিত হইয়াছে। হত্যাকারীর বাসস্থান ইন্দোরের নিকট। ইহার নাম কাদার। কাদার সম্পত্তিশালী ব্যক্তি। ইহার বয়স ৪০ বৎসর। কাদার এক জন প্রসিদ্ধ বদমায়েস। ১৮৬৭ অব্দে সে চুরি করিয়া ফাটকে যায়। কারাগারমুক্ত হইয়া সে পুনরায় ফাটকে যায় এবং তথায় এক বৎসর থাকিয়া খালাস হইয়া আসে। আবার সে চুরি করে এবং আবার তাহাকে ফাটকে দেওয়া হয়। শেষ বার খালাস হইয়া সে পুলিশের হস্তে আর পতিত হয় না। এখন অবধি সে অন্য রূপ জীবন যাপন করিতে থাকে। সে বড়২ বলদ ও গাড়ী ভাড়া করিয়া নানা স্থানে প্রেরণ করিতে থাকে। কিন্তু যে সকল গাড়ী ও গরু সে প্রেরণ করে তাহার কোন খোজ পাওয়া যায় না, এবং গাড়োয়ানেরাও ফিরিয়া আসে না। কিছু দিন পরে শুনা যায় যে অমুক জঙ্গলে একটি মৃত দেহ পাওয়া গিয়াছে এবং মৃত ব্যক্তির চেহারার সহিত অনুদিষ্ট একজন গাড়োয়ানের সাদৃশ্য আছে। কাদার এক জনের নিকট হইতে গাড়ী ভাড়া করিত না। সে নানা স্থানে নানা ব্যক্তির নিকট হইতে ভাড়া করিত। কিন্তু সকলেরই নিকট আপনার নাম প্রকাশ করিত। পুলিশ অনুসন্ধানে এই সমুদায় বিষয় জানিতে পায় এবং কাদারের হুলিয়া বাহির হয়। কিছু দিন পরে সে ধরা পড়ে। কোন উপায় না দেখিয়া আপনার দোষ স্বীকার করে। এমন কি কোথায় লাস গুলি ফেলিয়া দেয় তাহা পর্য্যন্ত সে বলে। তাহার জোবানবন্দীতে প্রকাশ পায় যে, যে সকল গাড়োয়ানকে সে লইয়া যাইত তাহাদিগকে সুযোগ মত সে শেঁকো বিষ ভক্ষণ করাইত। যখন তাহারা মৃত প্রায় হইত তখন তাহাদিগকে নিভৃত স্থানে ফেলিয়া সে গরু ও গাড়ী লইয়া নিকটবর্ত্তী কোন সহর কি বাজারে গিয়া উহা বিক্রয় করিত এবং এই রূপে বিস্তর টাকা উপার্জ্জন করিত। আর এক ব্যক্তি তাহার সহকারী ছিল। সে গোরু ও গাড়ী বিক্রয় করিয়া দিত এবং কমিসন স্বরূপ কিছু টাকা পাইত। ক্রমে এ ব্যক্তিও কাদারের ন্যায় স্বাধীন ভাবে ব্যবসায় আরম্ভ করে এবং দুই জন গাড়োয়ানকে হত্যা করে। এ ব্যক্তিও বিচারাধীন আছে। কাদার অবলীলা ক্রমে তাহার হত্যার বিবরণ গুলি বর্ণন করে এবং সে পুলিশ কর্ত্তৃক ধৃত হইয়া কিছু মাত্র ভীত হয় নাই।

—আমেরিকান গবর্ণমেণ্টের কোন কার্য্যে বিস্তর চুরি হয়। ইহার অনুসন্ধান হইতেছে। এই অনুসন্ধানের নিমিত্ত প্রত্যহ যে সাক্ষী উপস্থিত হইতেছে তাহাদের জন্য প্রতি দিন ১২ হাজার টাকা ব্যয় হইতেছে।

—বিলাতে আর এক জন প্রধান ইংরেজ তাহার স্ত্রীর চরিত্রের প্রতি সন্দেহ করিয়া তাহাকে পরিত্যাগ করিবার নিমিত্ত আদালতে উপস্থিত হন। যদিও জুরিরা স্ত্রীলোকটিকে নির্দ্দোষী বিবেচনা করিয়া ছাড়িয়া দিয়াছেন কিন্তু তাহার বিরুদ্ধে এরূপ গুরুতর প্রমাণ পাওয়া গিয়াছে যে, কোন নিরপক্ষ ব্যক্তি তাহাকে দোষী না বলিয়া থাকিতে পারেন না। উক্ত ইংরেজের নাম কাপ্তেন রিপিঙ্গল। ইহার বয়ক্রম ২৭ বৎসর। যে যুবতীকে বিবাহ করেন তাহার বয়স ২১ বৎসর। বিবাহের পূর্ব্বে ইহাদের ছয় মাস কোর্ট সিপ হয়। তখন ইহারা পরস্পরের প্রতি অতিশয় ভালবাসা প্রকাশ করেন। বিবাহ হইয় গেলে কাপ্তেন প্রায় যথা সর্ব্বস্ব তাহার স্ত্রীকে অর্পণ করেন, কিন্তু যে বিবাহ হইয়া গিয়াছে আর বিবি রিপেঙ্গল তাহার স্বামীর সহিত সহবাস করিতে অস্বীকৃত হন। বিবি বলেন যে, সন্তান প্রসব করা তিনি অতিশয় ভয় করেন এবং সেই জন্য তিনি তাহার স্বামীর নিকট অবস্থিতি করিবেন না। স্বামী তাহাকে কত সাধ্য সাধনা করেন, কিন্তু বিবি কোন মতে স্বীকৃত হন না এবং তিনি স্বতন্ত্র হইয়া বাস করিতে থাকেন। মাঝে২ তিনি গৃহ হইতে অনুদ্দেশ হইতেন এবং তাহার স্বামীর নিকট বলিতেন যে তাহার আত্মীয় স্বজনকে দেখিতে তিনি বাহিরে গিয়া থাকেন। ক্রমে কাপ্তেনের মনে সন্দেহ উপস্থিত হয়। তিনি এক জন পুলিশ ডিটেকটিবকে নিযুক্ত করিয়া বলেন যে তাহার স্ত্রীর ভ্রমণ স্থান সে অনুসন্ধান করিয়া দেখে। ডিটেক্‌টিব বিবি রিপেঙ্গলের পশ্চাৎ২ গমন করে এবং দেখে যে তিনি ডিলাকোর নামক এক জন সাহেবের গৃহে প্রবেশ করেন। ডিলাকোর অবিবাহিত এবং একাকী একটি গৃহে বাস করেন। এখানে রাত্রি একটা পর্য্যন্ত বিবি রিপেঙ্গল অবস্থিতি করিয়া গৃ[illegible]বর্ত্তন করেন। তাহার স্বামী তাঁহাকে [illegible] তিনি কোথায় গিয়া ছিলেন? তি[illegible] কোন পুরাতন বন্ধুর বাটী গিয়া ছিলেন। [illegible] কাপ্তেন বড় পীড়াপিড়ী করিয়া ধরিলে তিনি স্বীকার করেন যে, ডিলাকোর সাহেবের বাটী তিনি গিয়া ছিলেন এবং তথায় রাত্রি একটা পর্য্যন্ত ছিলেন। তবে তিনি বলেন যে, তথায় কোন গর্হিত কার্য্য তিনি করেন নাই, কেবল পান ভোজন ও নির্দ্দোষ আমোদে সময় কাটান। এক জন যুবতী স্ত্রী নির্দ্দোষ আমোদার্থে এক জন যুবকের বাটী রাত্রি একটা পর্য্যন্ত অবস্থিতি করিয়া ছিলেন, ইহা ইংরেজ জুরীরা বিশ্বাস করিতে পারেন, এ রূপ ঘটনা এ দেশে হইলে তদ্দণ্ডে সে স্ত্রী পরিত্যক্ত হয়। বিচারপতি জুরীদের মতে মত দেন না। তিনি বিবি রিপেঙ্গলকে দোষী সাব্যস্ত করেন, কিন্তু যখন জুরীরা তাহাকে নির্দ্দোষী বলিলেন তখন কাজেই বিবি রিপেঙ্গল নির্দ্দোষী বলিয়া খালাস পান।

—রুশিয়ায় সামুদ্রিক রণ বিদ্যা শিক্ষার নিমিত্ত যে সমুদয় বিদ্যালয় আছে তথাকার ছাত্রদিগের ইংরাজি শিক্ষা করিতে হয়। রুশিয়েরা বলেন যে, ইংরাজেরা সামুদ্রিক যুদ্ধে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। রুশিয়াদিগকে ইংরাজদিগের নিকট হইতে এই সম্বন্ধে অনেক বিষয় শিক্ষা করিতে হইবে। তাহারা বালকদিগকে এই নিমিত্ত ইংরাজি শিক্ষা করাইতেছেন। আবার যাহাদের বিশ্বাস আছে যে, রুশিয়ারা যে কার্য্য করে তাহাই একটি নিগূঢ় অভিসন্ধি আছে, তাহারা বলেন যে ভারতবর্ষের লোক ইংরাজি শিখিয়াছে, এখানে সকল কার্য্য ইংরাজিতে হয়, রুশিয়েরা যদি কালে ভারতবর্ষ অধিকার করিতে পারেন, তবে অন্ততঃ যে পর্য্যন্ত এদেশে রুশিয় ভাষা প্রচলিত না হয় তত দিন ইংরাজিতে কাজ কর্ম্ম চালাইতে হইবে, এই নিমিত্ত তাহারা সামুদ্রিক যুদ্ধের ছলনা করিয়া দেশে ইংরাজি শিক্ষার প্রচার করিতেছেন।

—আমাদের বিশ্বাস ছিল যে, কেবল বাঙ্গলা, বিশেষতঃ কলিকাতায়, অতি অল্প বয়সে বিবাহ হয়। কিন্তু আমরা এক খানি সম্বাদ পত্রে দেখিলাম যে, মহারাষ্ট্রীয়দিগের মধ্যেও অল্প বয়সে বিবাহ হইয়া থাকে। পুণাতে একটী শুভ দিনে তিন শত বিবাহ হয়। এই বিবাহে যত বর কন্যার বিবাহ হয় তাহাদের বয়স ৭ বৎসরের অধিক হইবে না। এক দিন কাল এদেশে যুবকদিগের দৃঢ় বিশ্বাস হয় যে, অল্প বয়সে বিবাহ দেওয়া নিতান্ত অন্যায় এবং উহা এদেশের দুর্গতির একটি প্রধান কারণ। এখন অনেকের এই বিশ্বাসের আবার কিছু ব্যত্যয় জন্মাইতেছে। ইহারা বলেন যে, আমাদের পূর্ব্ব পুরুষেরা যখন বলবান ছিলেন, তখন এদেশে বালিকাদের অল্প বয়সে বিবাহ হইত, সুতরাং বাল্য বিবাহ এদেশের দুর্গতির কারণ নহে, কিন্তু এ কথা যাহারা বলেন, তাহারা এটি স্বীকার করেন যে, তখন বর কন্যা উভয়ের অল্প বয়সে বিবাহ হইত না। বালিকার অল্প বয়সে হইত কিন্তু পাত্রদিগের বিবাহ অধিক বয়সে হইত, সুতরাং পূর্ব্বের বিবাহের প্রণালী যে কিছু পরিবর্ত্তিত হইয়াছে তাহা তাহারা অস্বীকার করিতে পারেন না। কিন্তু অতি শৈশবাবস্থায় যে বিবাহ দেওয়া অন্যায় বোধ হয় সকলেই তাহা স্বীকার করেন। যে দেশে বিধবা বিবাহ প্রচলিত নাই, সে দেশে কন্যা সন্তানগণকে বাল্যকালে বিবাহ দেওয়া এক রূপ নিষ্ঠুরতা, আবার অল্প বয়সে কন্যার বিবাহ দিতে হইলে পাত্রের বয়স অল্প আবশ্যক করে। ইহাতে এই অনিষ্ট হয় যে বাল্যকালে বিবাহ দেওয়ায় বালকদিগের পাঠের বিঘ্ন জন্মে। আবার শৈশব কালে কন্যার বিবাহ দেওয়ার প্রথা প্রচলিত না থাকিলে লোকে হয় ত কন্যা লইয়া এরূপ বিপদে পড়িতেন না। এদেশে যাহারা কন্যার বয়স একটু অধিক করিয়া বিবাহ দেন, তাহারা কেবল সুপাত্র প্রান না, তাহাদের বিবাহে এত ব্যয়ও লাগে না।

—যখন যুবরাজ এদেশে আগমন করেন তখন রাষ্ট্র হয় যে, যুবরাজ অনেক ঋণী হইয়া পড়িয়াছেন। পার্লিয়ামেণ্টে তিনি অর্থ সাহায্য চান, তাহা সভ্যগণ মঞ্জুর করেন না। মহারাণী বিকটরিয়ার নিকট অর্থ চান, তিনি উহা দিতে স্বীকৃত হন না। মহারাণীর অনেক পরিবার, তিনি এক জন রাখিয়া অপর কাহাকে টাকার সাহায্য করিতে পারেন না। এই বিপদে পড়িয়া তিনি ভারতবর্ষে আগমন করিতেছেন। যুবরাজ এদেশে আগমন করিয়া বহু মূল্যের উপহার প্রাপ্ত হন এবং এই নিমিত্ত লোকের মনে পূর্ব্বের বিশ্বাস আরো দৃঢ় হয়। অদ্যাপি সে বিশ্বাস গিয়াছে কি না তাহা আমরা বলিতে পারি না। সম্প্রতি আবার আর এক কথা রাষ্ট্র হইয়াছে। মহারাণী 'এম্প্রেস অব ইণ্ডিয়া' উপাধি গ্রহণ করিলেন। মহারাণী এম্প্রেস হইলে যুবরাজ ইম্পিরিয়েল প্রিন্স হইবেন। তাঁহার পূর্ব্বে যে পদ ও সম্ভ্রম ছিল তাহা আরো বাড়িয়া যাইবে, সুতরাং তাঁহার পদ গৌরব রক্ষার নিমিত্ত পূর্ব্বাপেক্ষা অধিক ব্যয় পড়িবে। তাঁহার যে আয় আছে, তাহাতে তাঁহার পূর্ব্বের ব্যয় সংকুলান হইত না, কাজেই এখন অনেক টাকার অনটন পড়িবে। তাঁহার এই অনটন সংকুলন করিবার নিমিত্ত যে ব্যয় পড়িবে, তিনি তাহা ভারতবর্ষের রাজকোষ হইতে গ্রহণ করিবেন। এই গল্পটী ভারতবর্ষে উঠে নাই। ইহার উৎপত্তির স্থান ফ্রান্স। ফল এই গল্প যত হাস্যস্কর হউক, মহারাণী এম্প্রেস অব ইণ্ডিয়া উপাধি গ্রহণ করেন বলিয়া ভারতবর্ষের রাজকোষ হইতে ইংলণ্ডের আরো দুই চারি কোটী টাকা গ্রহণ করায় বিচিত্র নাই। মহারাণী এম্প্রেস অব ইণ্ডিয়া উপাধি গ্রহণ করিয়া যদি ভারতবর্ষের প্রকৃত কোন উপকার হইয়া থাকে, যদি ইংলণ্ডবাসী ইংরাজেরা যে সমুদায় রাজকীয় স্বত্ব উপভোগ করিয়া থাকেন, ভারতবাসীরা তাহা ভোগ করিতে পারিতেন তাহা হইলে ইংলিশ গবর্ণমেণ্ট এখান হইতে যদি আর দুই চারি কোটি টাকা গ্রহণ করেন তাহাতে লোক নিতান্ত অসন্তুষ্ট হইবে না। আমাদের ভয় যে পাছে এম্প্রেস অব ইণ্ডিয়া উপাধি মঙ্গলের কারণ না হইয়া অমঙ্গলের কারণ হইয়া উঠে।

—রুশদিগকে ইউরোপের অপর অনেক জাতি এখনও অসভ্য বলেন। তাহাদের সংকল্প হইয়াছে তাহারা এই অপবাদ ঘুচাইবেন। এই নিমিত্ত তাহারা যাহাতে সামরিক কার্য্যে বিশেষ নৈপুণ্য হন তাহার নিমিত্ত প্রাণ পণ করিয়াছেন। রাজ নীতি কৌশলে তাহারা এই নিমিত্ত এত উন্নতি করিয়াছেন যে, এখন অনেকের বিশ্বাস যে, রুশগণের ন্যায় চক্রী রাজ নীতিজ্ঞ ভূমণ্ডলে নাই। আবার বিদ্যা বুদ্ধির উন্নতির নিমিত্ত ইহারা নিশ্চেষ্ট হইয়া বসিয়া রহেন নাই। রুশ গবর্ণমেণ্ট প্রজাদিগকে শিক্ষা প্রদানের নিমিত্ত বিস্তর ব্যয় করিতেছেন। ইংলণ্ড এবং ইটালি যে রূপ আফেরিকার মধ্য প্রদেশ অনুসন্ধান করিবার নিমিত্ত বিজ্ঞানবেত্তাগণকে প্রেরণ করিতেছেন রুশেরা সেই রূপ কাস্পেন সাগর ও উহার উপকূল গবেষণা করিবার নিমিত্ত পণ্ডিত পাঠাইতেছেন। বাণিজ্য ব্যবসায়ের উন্নতির নিমিত্ত ইহারা ত্রুটি করিতেছেন না। কোন কোন ব্যবসায়ে এখন ইহারা এত উন্নতি করিয়াছেন যে, তাহাকে অপর কোন দেশের লোকে তাহাদের সঙ্গে প্রতিযোগীতা করিতে পারে না।

—সার সলার জং এক জন অদ্বিতীয় লোক। তিনি হাইদ্রাবাদের নিজামের মন্ত্রী বলিয়া এরূপ সম্ভ্রান্ত নন। তিনি এপদে আরূঢ় না থাকিলেও ইহাকে সকলে সম্ভ্রম করিতেন। স্বাধীন রাজাদিগের ন্যায় ইহার জন্যে সম্মানসূচক তোপ হইয়া থাকে। আমরা গবর্ণর জেনারেলকে যে পাঠ লিখিয়া থাকি, গবর্ণমেণ্ট ইহাকে সেই পাঠ লিখিয়া থাকেন। ইহার এত ধন ঐশ্বর্য্য আছে যে, তত ধন ঐশ্বর্য্য ভারতবর্ষে আর কাহার আছে কি না সন্দেহ। ইহার পিতামহী যখন মরেন তখন ইহাকে এক ক্রোর টাকা প্রদান করিয়া যান। বিদ্যা বুদ্ধিতেও ইনি এক জন অদ্বিতীয়। রাজনীতি কৌশলে ইনি এক জন বিখ্যাত লোক। ইহার সঙ্গে রাজনীতি কৌশলে লর্ড নর্থব্রুক এবার পরাস্ত হন। ইউরোপে অনেক ধনী ও পণ্ডিত লোক আছেন, কিন্তু সার সলার জং সেখানে গমন করিয়াও অতিশয় সম্মান প্রাপ্ত হইয়াছেন। তাহার গমনের নিমিত্ত লণ্ডনে হুলুস্থুলু পড়িয়া গিয়াছে। পারিসেও তাহাকে লইয়া মহা ধূমধাম হয়। ইনি কি উদ্দেশে ইংলণ্ডে গমন করিয়াছেন তাহা আমরা জানি না। ইংরাজেরা বেরার রাজ্য অন্যায় পূর্ব্বক নিজামের নিকট হইতে গ্রহণ করেন। অনেকের বিশ্বাস যে, তিনি এই রাজ্য উদ্ধার করিবার নিমিত্ত ইংলণ্ডে গমন করিয়াছেন। তাহার ইংলণ্ডে যাত্রার এবার এত বাধা পড়িয়াছে যে আমাদের সন্দেহ হইতেছে যে, তাহার উদ্দেশ্য সফল হয় কি না। যখন তিনি ভারতবর্ষ হইতে যাত্রা করেন তখন তাঁহার তিনটী অমাত্যেয়ের বিঘ্ন হয়। এই বিঘ্ন কয়েকটি কি আমরা ইতি পূর্ব্বে লিখিয়াছি। আবার সার সলার জং পারিসে একটী বাটীতে উঠিতে শিড়ির উপর হইতে পড়িয়া যান এবং পড়িয়া তাহার মাজা ভাঙ্গিয়া গিয়াছে।

—মহারাণী এম্প্রেস অব ইণ্ডিয়া উপাধি গ্রহণ করিয়াছেন। এই নিমিত্ত ইংলণ্ডে ভয়ানক গোলযোগ উপস্থিত হইয়াছে। অনেকে সন্দেহ করিতেছেন যে, ডিসরেলির এবার বুঝি মন্ত্রিত্ব যায়। ইংলণ্ডে রাজনৈতিক দুইটী দল আছে। এক দলের কর্ত্তা ডিসরেলি, অপর দলের কর্ত্তা গ্লাডেষ্টন। যখন যে দলের মত প্রবল হয় তখন সেই দলের কর্ত্তা মন্ত্রী হন। এখন ডিসরেলি মন্ত্রীত্বপদে আরূঢ় আছেন। ইহার মন্ত্রণায় মহারাণী এম্প্রেস অব ইণ্ডিয়া উপাধি গ্রহণ করিলেন। তাহার এই কার্য্যটীর নিমিত্ত তিনি ইংলণ্ডে অনেকের নিকট অপ্রিয় হইয়াছেন। এমন কি যাহারা বরাবরি তাঁহার দলে ছিলেন তাহারা পর্য্যন্ত তাঁহাকে পরিত্যাগ করিয়াছেন। ডিসরেলি এখনও পদস্থ আছেন, তাঁহার দল এখনও প্রবল আছে। বোম্বাইবাসীও ইণ্ডিয়ান লীগ এম্প্রেস অব ইণ্ডিয়া উপাধি অনুমোদন করিয়া দুই খানি আনন্দসূচক পত্র মহারাণীকে পাঠাইয়া দিলে সম্ভবতঃ ডিসরেলির শক্তি যাহা একটু দুর্ব্বল হইয়া থাকে তাহা আবার প্রবল হইবে। ইণ্ডিয়ান লীগ ডিসরেলিকে এই বিপদকালে সাহায্য করিয়া বাধ্য করিবেন এই রূপ অভিপ্রায় করেন। তাঁহাদের এই উদ্দেশ্য সফল হইলে বোধ হয় ভারতবর্ষের কোন না কোন বিশেষ মঙ্গল হইতে পারে।

প্রেরিত।

মহিষাদলের রাজা।

সবিনয় নিবেদন।

গত ১০ ই মে শনিবার অপরাহ্ণে বেলা ৪ টার সময় মহিষাদল রাজা বাহাদুরের ইংরেজী স্কুল ও তদন্তর্গত বাঙ্গালা পাঠশালার বাৎসরিক পরীক্ষোত্তীর্ণ ছাত্রদিগকে যোগ্যতা অনুসারে পারিতোষিক বিতরণ উপলক্ষে ইংরাজি স্কুল গৃহে একটী সভার অধিবেশন হইয়াছিল। সভায় এতদ্দেশীয় অনেক ভদ্র লোক এবং অত্রত্য সব রেজেষ্টার মহাশয় সমাহুত ও উপস্থিত হইয়াছিলেন। তমলুক সবডিবিজনের মান্যবর ডেপুটী ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত বাবু রাম অক্ষয় চট্টোপাধ্যায় মহাশয় নিমন্ত্রিত হইয়াছিলেন কিন্তু দুঃখের বিষয় যে সরকারি কার্য্যে অত্যন্ত ব্যস্ত ছিলেন বলিয়া তিনি সভায় উপস্থিত হইতে পারেন নাই। বিদ্যোৎসাহী বদান্যবর রাজা বাহাদুর স্বয়ং সভায় উপস্থিত হইয়া সভাপতির আসন গ্রহণ পূর্ব্বক সভার মুখোজ্জ্বল ও গৌরব বৃদ্ধি করিয়াছিলেন। সভার কার্য্য আরম্ভ হইলে সভাপতি মহোদয়ের অনুমতি লইয়া সম্পাদক মহাশয় স্কুলের একটী সুদীর্ঘ রিপোর্ট পাঠ করেন। তদনন্তর সভাপতি রাজা বাহাদুর ছাত্রগণের উৎসাহ বর্দ্ধনার্থ উৎসাহপূর্ণ নীতিগর্ভ উপদেশের সহিত স্বহস্তে পারিতোষিক বিতরণ করেন। সমারহ সহকারে যথা রীতি পুরস্কার বিতরিত হইলে মান্যবর সভাপতি মহাশয় কে ধন্যবাদ প্রদান পূর্ব্বক সভা ভঙ্গ হইয়াছিল। বলা বাহুল্য যে পারিতোষিক বিতরণের সমস্ত ব্যয় ভার দান শীল রাজা বাহাদুর স্বয়ং বহন করিয়াছেন। আমরা করুণা নিধান পরমেশ্বর সমীপে কায়মনো বাক্যে প্রার্থনা করি যে তিনি তাঁহাকে দীর্ঘ জীবী ও চির সুখী করিয়া সৎকার্য্যে অধিকতর অনুরাগী ও দৃঢ়ব্রত করেন।

মহিষাদলের রাজা বাহাদুর যেরূপ দানশীল, বিদ্যোৎসাহী, দেশহিতৈষী এবং সদনুষ্ঠানে রত তাহাতে তাঁহার সম্বন্ধে কিছু না বলিয়া ক্ষান্ত থাকা নিতান্ত অকৃতজ্ঞতার কার্য্য। তিনি যে কেবল নিজ বাস গ্রামে উপযুক্ত দাতব্য বিদ্যালয় ও চিকিৎসালয় সংস্থাপন ও তাহাদের প্রয়োজনীয় সমস্ত ব্যয় নির্ব্বাহ করিয়া বিদ্যোৎসাহী ও দেশহিতৈষিতা গুণের পরিচয় দিয়াছেন তাহা নহে। এ প্রদেশের অন্যান্য অনেক বিদ্যালয়ে ও চিকিৎসালয়ে মাসিক চাঁদা ও এক কালিন দান দ্বারায় সাহায্য করিয়া থাকেন। নবদ্বীপ, ভাটপাড়া, বাঁশ

বড়িয়া, ত্রিবেণী প্রভৃতি অনেক স্থানের চতুষ্পাটী সংস্কৃতাধ্যাপক মহোদয়গণকে প্রচুর পরিমাণে ধান্য বৃত্তি প্রদান করিয়া ভারত গৌরব সংস্কৃত শাস্ত্রালোচনার সমধিক আনুকুল্য করেন এবং রাস্তা ঘাটাদি নির্ম্মাণ দ্বারায় প্রজা পুঞ্জের উপকার বিধান করেন তাহা অনেকেই অবগত আছেন। সে জন্য তিনি সাধারণের ও গবর্ণমেণ্টের ধন্যবাদের যোগ্য। এতদ্ভিন্ন সম্প্রতি মেদিনীপুর হাই স্কুলের প্রবেশিকা পরীক্ষোত্তীর্ণ যে সকল ছাত্র গবর্ণমেণ্ট প্রদত্ত বৃত্তি না পাইবেন তাহাদিগের মধ্যে সর্ব্বোৎকৃষ্ট ছাত্রকে তিনি মাসিক ৫পাঁচ টাকা হিসাবে বৃত্তি দিতে স্বীকৃত হইয়াছেন তাহাও সাধারণের অগোচর নাই। নিম্ন শ্রেণীর শিক্ষা আজ কাল গবর্ণমেণ্টের প্রিয় জিনিশ যাহার উন্নতি সাধন ও বহুল প্রচারের জন্য কত যত্ন ও কত অর্থ ব্যয় হইতেছে তাহাতেও তাঁহার অনুরাগ আছে এবং সাধারণের উৎসাহ বর্দ্ধনার্থ মাসিক দুই টাকার হিসাবে দুইটী বৃত্তি স্থাপন করিয়াছেন এবং গত তিন বৎসর হইতে উক্ত বৃত্তি প্রদান করিয়া আসিতেছেন তদ্বিষয় কেন যে অলক্ষিত রহিল তাহার কারণ আমরা কিছুই উপলব্ধি করিতে পারি না। আবার মেদিনীপুর জেলার যে সকল স্থানে বঙ্গের পরম শত্রু ম্যালিরিয়া ভীষণাকারে প্রাদুর্ভূত হইয়া অকালে শত শত লোককে কালের করাল কবলে নিঃপতিত করিয়া দেশ উচ্ছিন্ন করিতেছে, সেই সকল স্থানের চিকিৎসার সুবিধার জন্য সে দিন ৪০০ চারি শত টাকা দান করিয়াছেন। জেলার মান্যবর মাজিষ্ট্রেট সাহেব মহোদয় তজ্জন্য তাঁহাকে ধন্যবাদও দিয়াছেন। সর্ব্বদাই তিনি মুক্ত হস্তে এই রূপ দান ও অন্যান্য সৎকার্য্যের দ্বারায় দেশের উপকার করিয়া থাকেন। যদি ন্যায়বান সদাশয় গবর্ণমেণ্ট অনুগ্রহ পুর্ব্বক তাঁহার এই সকল দান ও সৎকার্য্যের বিষয় পর্য্যালোচনা করিয়া তাঁহাকে উপযুক্ত উপাধি ও সম্মান দ্বারায় ভূষিত করিয়া উৎসাহিত ও গুণের যথার্থ পুরস্কার করেন তাহা হইলে যে তাঁহার দ্বারায় আরও বহুল প্রকার সৎকার্য্য অনুষ্ঠিত হইয়া উত্তরোত্তর দেশের শ্রীবৃদ্ধি সাধিত হইবে তাহাতে আর অনুমাত্র সন্দেহ নাই।

শ্রীঃ—

বন্য ভয়।

মহাশয়, বহু দিবসাবধি আমাদের মত্ত গ্রাম ব্যাঘ্রের আবাস ভূমি হইয়াছে। এই সমুদয় ব্যাঘ্র সময়২ লোকের যে কত প্রকার অনিষ্ট করিতেছে তাহা আর পত্রে লিখিয়া কত জানাইব। মত্ত গ্রামে বোধ হয় এমন কোন বাড়ী নাই যে এই ব্যাঘ্রের অত্যাচার হইতে মুক্তি লাভ করিয়াছে। গো, মেষ, ছাগ, কুকুর প্রভৃতি গৃহজাত পশুর উপর এই সমুদয় জন্তু নিত্য২ অনিষ্ট সাধন করিতেছে। বিশেষতঃ প্রায় ৩।৪ মাস হইল এই ব্যাঘ্রেরা আমাদের গ্রামে এত দূর প্রভুত্ত লাভ করিয়াছে যে তাহারা কেবল গৃহজাত পশু সমুহকে মারিয়া ক্ষান্ত থাকে না সুযোগ পাইলে মনুষ্যকেও আক্রমণ করিতে ত্রুটি করে না। সন্ধ্যা হইলেই শৃগাল সমুহের ভীষণ আর্ত্তনাদ ও ব্যাঘ্রদিগের ভয়ঙ্কর গর্জ্জনে চতুর্দ্দিক ভয়ে কম্পান্বিত করিয়া ফেলে। গ্রামীক লোকগণ সন্ধ্যার পর আর নিজ২ গৃহ হইতে বাহির হইতে সাহস পান না। যাঁহাদের যে আবশ্যকীয় কর্ম্ম তাহা তাঁহারা দিবা ভাগেই সারিয়া রাখেন এবং রাত্রি হইলেই ভয়ে শশঙ্কিত হইয়া নিজ২ শয্যায় উপবেশন করেন।

যাহা হউক মহাশয় শুনিয়া বোধ হয় সুখী হইবেন যে আমাদের গ্রামে এত দিন পর লোকেরা কিঞ্চিৎ সাহস করিতে শিক্ষা করিয়াছেন। কয়েক দিবস হইল গ্রামীক লোকেরা ব্যাঘ্র দ্বারা যৎপরোনাস্তি উৎপীড়িত হইয়া সকলে মিলিয়া গ্রামের অনতিদূরবর্ত্তী এক প্রকাণ্ড মাঠে এক বাঁশের খোয়াড় পাতিয়া রাখিয়াছিল। গত কল্য রাত্রে সেই খোয়াড়ে চক্রাকৃতি এক ব্যাঘ্র পতিত হইয়াছিল। ব্যাঘ্রটীকে তখনি গুলি করিয়া মারা হয় এবং বাহিরে আনিয়া মাপিয়া দেখা গেল যে সেটা দীর্ঘে (লেজ সমেত) প্রায় পাঁচ হাত। প্রাতঃকালে সেই জন্তুটিকে সমুদয়ের দেখার সুবিধার জন্য খোয়াড়ের উপর উহাকে ঝুলাইয়া রাখা হইয়াছিল। অতি প্রত্যুষ হইতে বেলা প্রায় ১১ টা পর্য্যন্ত দলে দলে লোক আসিয়া উহাকে দেখিয়া গিয়াছে। এক্ষণ পর্য্যন্তও উহাকে দেখিয়া লোকের আশা তৃপ্তি হয় নাই। গ্রামীক কুকুরগণ অদ্য ঐ জন্তুটীকে দেখিয়া বিশেষ হর্ষ লক্ষণ প্রকাশ করিয়াছে। আমরা স্বচক্ষে দেখিয়াছি যে একটী কুকুর ভেউ২ করিতে২ ব্যাঘ্রটীকে কামড়াইবার জন্য লম্ফ প্রদান করিয়াছিল কিন্তু ব্যাঘ্রটী অনেক উচ্চ থাকা প্রযুক্ত সে তাহার মনোরথ সিদ্ধ করিতে পারে নাই। আর বিস্তর লিখিবার প্রয়োজন নাই। পরিশেষে এই মাত্র বলিতে পারি যে, গ্রামীক লোকগণ যদি এই প্রকার একত্রিত হইয়া কার্য্য করেন তবে এ প্রকার এক ব্যাঘ্র কেন, শত২ ব্যাঘ্রকে শমন ভবনে প্রেরণ করিতে পারিবেন।

মত্ত মাণিকগঞ্জ।
৯ ই জ্যৈষ্ঠ ১২৮৩ } কস্যচিৎ মত্ত গ্রাম নিবাসীনী।

দস্যু ভয়।

মহাশয়, সম্প্রতি একটী অতিশয় আশ্চর্য্য ঘটনা হইয়া গিয়াছে। বর্দ্ধমান জেলার অন্তর্গতঃ আতাপুর নামে একটী গ্রাম আছে। গত শুক্রবারে আমি কয়েক জন বন্ধুর সহিত ঐ গ্রামের মধ্য দিয়া গমন করিতেছি এমন সময় একটী কোলাহল আমাদের কর্ণ কুহরে প্রবিষ্ট হইল। আমরা উহা কি তাহা জানিবার জন্য অতিশয় উৎসুক হইয়া তত্রাভিমুখে গমন করিলাম। দেখিলাম যে এক ব্যক্তি একটী অল্প বয়স্ক যুবতীকে অতিশয় নির্দয়রূপে প্রহার করিতেছে। পরে আমরা লোক মুখে অবগত হইলাম যে ঐ ব্যক্তি এক জন দস্যু। উহা দেখিয়া আমাদের মনোমধ্যে দয়ার সঞ্চার হইল।

আমরা অতি বিনীত ভাবে তাহাকে জিজ্ঞাসা করিলাম যে, তুমি কেন ঐ অল্প বয়স্ক স্ত্রীলোকটীকে অতিশয় প্রহার করিতেছ। সে অতি ক্রোধ ভরে আমাদিগকে কহিল তোমাদের এ বিষয়ে কোন কথা কহিবার আবশ্যক নাই। আমরা উহার এবম্বিধ গর্ব্বিত বাক্য শ্রবণ করিয়া সশঙ্কিত হইয়া তথা হইতে প্রস্থান করিলাম। পথি মধ্যে আর ৫ জন ব্যক্তির সহিত সাক্ষাৎ হওয়াতে আমরা লোক দ্বারা অবগত হইলাম যে উহারাও দস্যু, এখানে অনেক দৌরাত্ম করিতেছে। পরে আমরা অতিশয় ভীত হইয়া তথা হইতে প্রস্থান করিয়া একেবারে পুলীশে যাইয়া সংবাদ দিলাম। এক্ষণে সকলে ধৃত হইয়াছে। এ বিষয়ে পুলীশের দৃষ্টি রাখা আবশ্যক।

একান্ত বশম্বদ
শ্রী——দাউদ কাঁদি।

অষ্টাদশ বর্ষ।

সম্পাদক মহাশয়, ক্রমে এই ভারত ভূমিতে জীবনের অষ্টাদশ বর্ষ অতিক্রম করিয়াছি। জীবন গ্রন্থি শেষ হইয়াছে। নবম বর্ষ বয়ক্রম কালে কি কি কার্য্য করিতে সঙ্কল্প করিয়াছিলাম এপর্য্যন্ত কি কি কার্য্য করিয়াছি এবং তাহাতে কি ফল প্রাপ্ত হইয়াছি, সে গুলিন এক বার আপনাকে না জানাইয়া, জীবন ত্যাগ করা অনুচিত বিবেচনায়, তাহার কিয়দংশ এই পত্র খানিতে লিখিয়া আপনার হস্তে সমর্পণ করিলাম।

১২৭৩ বঙ্গাব্দে পিতা আমাকে তদীয় বান্ধবাগ্রগণ্যের সহিত বঙ্গদেশের প্রধানতম রাজধানী ও ইংরাজি সভ্যতার উড্ডীয়মান জয় পতকা স্বরূপ এই কলিকাতা নগরে বিদ্যাভ্যাসের নিমিত্ত প্রেরণ করিলেন। ইহার পুর্ব্বেই আমি বাঙ্গলা স্কুলে দ্বিতীয় শ্রেণীতে পড়িয়া ছিলাম। কলিকাতায় আসিয়া গ্রীষ্মের বন্দোপলক্ষে প্রায় এক মাস বাসায় বসিয়া থাকিতে হইয়াছিল।

একদা দিবাবসানের কিঞ্চিৎ পূর্ব্বে কলিকাতার একটী ভদ্র লোকের সহিত ভবানীপুরের অনতি দূরে বালীগঞ্জের মাঠস্থ নবীন নব দুর্ব্বাদলের উপর দিয়া প্রকৃতির অপূর্ব্ব লীলা খেলা একাগ্র চিত্তে সন্দর্শন করিতে করিতে ভ্রমণ করিতেছি এমন সময় হঠাৎ হৃদয় ক্ষেত্রে একটী বিজাতীয় ভাবের আবির্ভাব হইল, কি করিলে আমরা দেশের শোচনীয় অবস্থা বিদূরীত করিতে ও নির্ভয়ে প্রফুল্লান্তকরণের সহিত এই শ্বেত শ্মশ্রু বিরাজিত রাজ পুরুষদের ন্যায় ভারত ভূমিতে ভ্রমণ করিতে পারি। এই কথাটী মনের মধ্যে উদয় হইয়া নানা প্রকার কষ্ট হইতে লাগিল। অনেক ভাবিয়া চিন্তিয়া আমার নিকটস্থ ভদ্র লোকটীকে জিজ্ঞাসা করিলাম। তিনি হাসিতে হাসিতে বলিলেন, "ভাল করিয়া লেখা পড়া কর, সব জানিতে পারিবে।" আমার জীবনের প্রধান সঙ্কল্প বোধ হয় বুঝিতে পারিয়াছেন।

কয়েক দিবস পরে একটী স্কুলে ভরতি হইলাম। লেখা পড়া সম্বন্ধে এই মাত্র বলিলেই যথেষ্ট হইবে, যে অষ্টম শ্রেণী হইতে প্রথম শ্রেণী পর্য্যন্ত প্রতি বৎসর পারিতোষিক পাইয়া ছিলাম কিন্তু প্রথম শ্রেণীতে উঠিয়াই পড়া ক্ষান্ত দিতে হইয়াছিল, কারণ প্রায় এক বৎসর ডাক্তারের দ্বারায় চিকিৎসা করাইয়াছি।

এই পাঠ্যাবস্থার সহিত আর একটী কার্য্য করিয়াছি (যাহার উন্নতিই আমার অবনতির এক মাত্র কারণ) সেটীও শুনুন। একদা কোন কার্য্যোপলক্ষে একটী বন্ধুর বাটীতে গিয়া দেখি, তথায় আমার পরিচিত আরও চারিটী বন্ধু আছেন এবং তাহারা সকলে একত্র সমবেত হইয়া একটী ভয়ানক কার্য্যের অনুষ্ঠান করিতেছেন;—৪ টী মদের বোতল ও খানিকটা মাংস লইয়া ঢালা ঢালির আয়োজন করিতেছেন। ব্যাপারটী দর্শন করিয়া আমি কিছু কাল বিস্ময়াপন্ন ভাবে স্তম্ভের ন্যায় দাঁড়াইয়া রহিলাম! আমার বন্ধুরা আমাকে দেখিয়া পরমাহ্লাদিত চিত্তে আমাকে নানা প্রকার অনুরোধ করিতে লাগিল, আমার মন সহজেই ভিজিয়া গেল, আমি হাসিতে হাসিতে গেলাশ ধরিলাম, তার পর যাহা করিলাম তা লেখনির দ্বারায় প্রকাশ করা দুঃসাধ্য। সেই দিন হইতে সুরাদেবী আমার প্রতি অসীম দয়া প্রকাশ করিতে লাগিলেন। আমিও দেড় বৎসর কাল যথা বিহিত অনুষ্ঠান পূর্ব্বক প্রতি দিবস রাত্রে তাঁহার পূজা করিয়াছি। তিনি আমার ভক্তি ও শ্রদ্ধা দেখিয়া সন্তুষ্টান্তকরণের সহিত আমাকে বর প্রদান করিয়াছেন। আমি আর কোন সুখের অভিলাষে এ পাপ পৃথিবীতে থাকিব? আমি এই পত্র খানির দ্বারায় পিতা, মাতা ও ভারত সন্তানদিগের নিমিত্ত এ জন্মের মত বিদায় লইলাম। বোধ করি জীবনের কার্য্য গুলিন সর্ব্বসাধারণের নিকট প্রকাশ হওয়া পর্য্যন্ত আমি অপেক্ষা করিতে পারিব না, শমন আগত প্রায়।

সুরাদেবীর প্রসাদে আমি লজ্জা ভয় ত্যাগ করিয়া আমার সম্বন্ধে যাহা ঘটিয়াছিল তাহা অবিকল আপনাকে জানাইলাম। ভরসা করি আমার অবস্থার প্রতি দৃষ্টি করিলে শত শত ভারত সন্তান অকালে কালগ্রাস হইতে মুক্ত হইয়া স্বদেশের মুখ উজ্জল করিতে পারিবেন।

ডাক্তরেরা এই প্রবল শত্রুর প্রতিপক্ষে কিছুই করিয়া উঠিতে পারিল না। দুঃখিনী জননী রহিল। একটী অবলাকে চির দুঃখে ভাষাইলাম। মনের আশা মনেই রহিল, আমি চলিলাম। আমার দশা কি হইবে।

ভবানীপুর।
১৫ ই জ্যৈষ্ঠ } শ্রীসঃ—

☞এই পত্রিকা কলিকাতা, বাগবাজার আনন্দ চন্দ্র চাটুর্য্যের গলি ২ নং বাটী হইতে প্রতি বৃহস্পতিবার শ্রীচন্দ্র নাথ রায় দ্বারা প্রকাশিত হয়।